# কর্মসংস্থান ব্যাংক

(রাষ্ট্র মালিকানাধীন একটি আর্থিক প্রতিষ্ঠান)

বেকার যুবদের বিশ্বস্ত বন্ধু

## কেন্দ্রীয় হিসাব ও তহবিল ব্যবস্থাপনা বিভাগ

সার্কুলার লেটার নং-কেবি/প্রকা/কেহি-১(২)/২০১৬-২০১৭/ ১৯২৭ তারিখ ঃ২৮.০৩.২০১৭

সকল শাখা ব্যবস্থাপক
কর্মসংস্থান ব্যাংক

বিষয় ঃ কর্মসংস্থান ব্যাংক অফিসার্স এসোসিয়েশন-এর সদস্য ফি মাসিক ভিত্তিতে বেতন হতে কর্তন।

প্রিয় মহোদয়,

প্রধান কার্যালয়ের কর্মী ব্যবস্থাপনা, প্রশিক্ষণ ও মানব সম্পদ বিভাগের সার্কুলার লেটার নং -০১/২০১৭ তারিখ ২৩.০৩.২০১৭ এর মাধ্যমে এ ব্যাংক কর্তৃপক্ষের অনুমোদনক্রমে কর্মকর্তাদের সার্বিক কল্যাণে সহকারী অফিসার (সাধারণ/ক্যাশ) ও তদূর্ধ্ব পদের (এ ব্যাংকে সরাসরি নিয়োগ প্রাপ্ত) কর্মকর্তাদের নিকট হতে অফিসার্স এসোসিয়েশন-এর সদস্য ফি বাবদ মাসিক ১০০.০০ (একশত) টাকা প্রতি মাসের বেতন-ভাতা হতে কর্তনের নির্দেশনা প্রদান করা হয়েছে। উল্লেখিত সার্কুলার লেটার প্রেক্ষিতে এ ব্যাংকে সরাসরি নিয়োগ প্রাপ্ত কর্মকর্তাদের প্রতি মাসের বেতন-ভাতা হতে অফিসার্স এসোসিয়েশন-এর সদস্য ফি কর্তনের নিম্নরূপ হিসাব পদ্ধতি অনুসরণ করতে হবে ঃ

**(ক) মাসিক বেতন-ভাতা হতে অফিসার্স এসোসিয়েশন-এর সদস্য ফি কর্তনের হিসাব পদ্ধতি (প্রধান শাখা, ঢাকা ব্যতীত) ঃ** সহকারী অফিসার (সাধারণ/ক্যাশ) ও তদূর্ধ্ব পদের কর্মকর্তাদের মাসিক বেতন-ভাতা হতে অফিসার্স এসোসিয়েশন-এর সদস্য ফি কর্তন করতে হবে। এ ক্ষেত্রে হিসাব পদ্ধতি নিম্নরূপ ঃ

| ডেবিট | ক্রেডিট |
|---|---|
| ১৩০৩০০ - ব্যয় হিসাব<br>(সংশ্লিষ্ট বেতন-ভাতার উপ-খাতসমূহ) | ০৪০১১১- বিবিধ প্রদেয় হিসাব |

**(খ) অফিসার্স এসোসিয়েশন-এর সদস্য ফি বাবদ কর্তনকৃত অর্থ স্থানান্তরের হিসাব পদ্ধতি (প্রধান শাখা, ঢাকা ব্যতীত) ঃ** অফিসার্স এসোসিয়েশন-এর সদস্য ফি বাবদ কর্তনকৃত অর্থ অফিসার্স এসোসিয়েশন নামে প্রধান শাখা, ঢাকায় রক্ষিত সঞ্চয়ী আমানত হিসাব নং ২০৪৭ এ স্থানান্তরের উদ্দেশ্যে উক্ত শাখার অনুকূলে এ্যাডভাইস প্রেরণ করতে হবে। এ ক্ষেত্রে হিসাব পদ্ধতি নিম্নরূপ ঃ

| ডেবিট | ক্রেডিট |
|---|---|
| ০৪০১১১- বিবিধ প্রদেয় হিসাব | ১১০২০০- কেবি আন্ত অফিস হিসাব |

**(গ) প্রধান শাখা, ঢাকায় অফিসার্স এসোসিয়েশন এর সদস্য ফি এর হিসাব পদ্ধতি** ঃ সহকারী অফিসার (সাধারণ/ক্যাশ) ও তদূর্ধ্ব পদের কর্মকর্তাদের মাসিক বেতন-ভাতা হতে কর্তনকৃত অফিসার্স এসোসিয়েশন এর ফি অফিসার্স এসোসিয়েশন এর নামে প্রধান শাখা, ঢাকায় রক্ষিত সঞ্চয়ী আমানত হিসাব নং ২০৪৭ এ জমা করতে হবে। এ ক্ষেত্রে হিসাব পদ্ধতি নিম্নরূপ ঃ

(i) প্রধান কার্যালয় ও শাখা সমূহে (প্রধান শাখা, ঢাকা ব্যতীত) বেতন-ভাতা প্রদানকালে কর্তনকৃত এ্যাডভাইসের মাধ্যমে প্রাপ্ত অফিসার্স এসোসিয়েশন এর ফি এসোসিয়েশনের সঞ্চয়ী হিসাবে জমার ক্ষেত্রে :

| ডেবিট | ক্রেডিট |
|---|---|
| ১১০২০০- কেবি আন্ত অফিস হিসাব | ০২০২০০- সঞ্চয়ী আমানত হিসাব<br>(অফিসার্স এসোসিয়েশন এর সঞ্চয়ী আমানত হিসাব) |

ক্রমশ: পৃষ্ঠা নং ০২

(ii) প্রধান শাখা, ঢাকায় কর্মরত কর্মকর্তাদের বেতন-ভাতা হতে অফিসার্স এসোসিয়েশন এর ফি কর্তন করে এসোসিয়েশনের সঞ্চয়ী হিসাবে জমার ক্ষেত্রে :

| ডেবিট | ক্রেডিট |
| --- | --- |
| ১৩০৩০০ - ব্যয় হিসাব<br>(সংশ্লিষ্ট বেতন-ভাতার উপ-খাতসমূহ) | ০২০২০০- সঞ্চয়ী আমানত হিসাব<br>(অফিসার্স এসোসিয়েশন এর সঞ্চয়ী আমানত হিসাব) |

(ঘ) শাখা কর্তৃক সহকারী অফিসার (সাধারণ/ক্যাশ) ও তদূর্ধ্ব পদের কর্মকর্তাদের প্রতি মাসের বেতন-ভাতা হতে কর্তনকৃত অফিসার্স এসোসিয়েশন-এর সদস্য ফি ত্রৈমাসিক ভিত্তিতে বিবরণীসহ ক্রেডিট এ্যাডভাইস আঞ্চলিক কার্যালয়ে প্রেরণ করবে। আঞ্চলিক কার্যালয় অঞ্চলাধীন শাখা সমূহ থেকে প্রাপ্ত এ্যাডভাইস সমূহ একত্রিত করে বিভাগীয় কার্যালয়ে এবং বিভাগীয় কার্যালয় আঞ্চলিক কার্যালয় সমূহ থেকে প্রাপ্ত এ্যাডভাইস সমূহ একত্রিত করে একটি অগ্রগামী পত্রের মাধ্যমে প্রধান শাখা, ঢাকায় প্রেরণ করবে।

(ঙ) প্রধান কার্যালয় সহকারী অফিসার (সাধারণ/ক্যাশ) ও তদূর্ধ্ব পদের কর্মকর্তাদের প্রতি মাসের বেতন-ভাতা হতে কর্তনকৃত অফিসার্স এসোসিয়েশন-এর সদস্য ফি এর এ্যাডভাইস প্রতি মাসে সরাসরি প্রধান শাখা, ঢাকায় প্রেরণ করবে।

০২। মাসিক বেতন হতে অফিসার্স এ্যাসোসিয়েশন এর সদস্য ফি কর্তন, কর্তনকৃত ফি স্থানান্তর ও এসোসিয়েশন এর সঞ্চয়ী হিসাবে জমাকরনের হিসাব পদ্ধতির বিষয়ে আরো কোন স্পষ্টতার প্রয়োজন হলে এ বিভাগের সংগে যোগাযোগ করার পরামর্শ দেয়া হলো।

০৩। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

(এ বি এম সফিকুর রহমান)
উপ-মহাব্যবস্থাপক

সংযুক্তি ঃ বর্ণনানুযায়ী।

পত্র সূত্র নং- কেবি/প্রকা/কেহি-১(২)/২০১৬-২০১৭/

তারিখ ঃ২৮.০৩.২০১৭

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি (সংশ্লিষ্ট সকলকে ব্যাংকের ওয়েবসাইট থেকে কপি সংগ্রহ করার অনুরোধসহ) ঃ

১। ষ্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালকের সচিবালয়, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা ;
২। ষ্টাফ অফিসার, মহাব্যবস্থাপকের দপ্তর, প্রশাসন/পরিচালন/হিসাব/নিরীক্ষা মহাবিভাগ, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা ;
৩। সকল উপ-মহাব্যবস্থাপক/বিভাগীয় দায়িত্বে নিয়োজিত সহকারী মহাব্যবস্থাপক, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। আইটি ও প্রকৌশল বিভাগকে সার্কুলার লেটারটি ব্যাংকের ওয়েব সাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো ;
৪। সকল উপ-মহাব্যবস্থাপক, কর্মসংস্থান ব্যাংক, বিভাগীয় কার্যালয় ;
৫। বোর্ড সচিব, পর্ষদ সচিবালয় ও জনসংযোগ বিভাগ, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা ;
৬। সকল সহকারী মহাব্যবস্থাপক, কর্মসংস্থান ব্যাংক, বিভাগীয় নিরীক্ষা কার্যালয় ;
৭। সকল আঞ্চলিক ব্যবস্থাপক, কর্মসংস্থান ব্যাংক, আঞ্চলিক কার্যালয় ;
৮। অফিস নথি।

(মোহাম্মদ জাকির হোসেন)
সহকারী মহাব্যবস্থাপক